



“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

স্বাধীনতার মহান স্থপতি, মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী আজ। শোকাবহ ১৫ই আগস্ট। জাতীয় শোক দিবস। জাতির জন্য কলঙ্কময় এক দিন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শাহাদাত বরণ করেন। একই সাথে শহীদ হন বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব, পুত্র শেখ কামাল, শেখ জামাল, শিশুপুত্র শেখ রাসেল, নবপরিনীতা পুত্রবধূগণসহ নিকট আত্মীয় অনেকে। এমন ঘটনা পৃথিবীর ইতিহাসে বিরল। তাই জাতি গভীর বেদনা ও শ্রদ্ধার সঙ্গে দিনটিকে জাতীয় শোক দিবস হিসাবে পালন করছে।

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির সকল স্তরের কর্মকর্তা কর্মচারী আজকের এই দিনকে শোক আর শ্রদ্ধাভরে স্মরণ করছে। একই সাথে শোক দিবসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন ও মহান আল্লাহতায়ালার নিকট তাঁদের রুহের মাগফিরাত কামনা করছি।

বঙ্গবন্ধু পল্লী অঞ্চলে বিদ্যুৎ সরবরাহে গুরুত্বারোপ করে বলেছিলেন, “বিদ্যুৎ ছাড়া কোন কাজ হয় না, কিন্তু দেশের জনসংখ্যার শতকরা ১৫ ভাগ লোক যে শহরের অধিবাসী সেখানে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকিলেও শতকরা ৮৫ জনের বাসস্থান গ্রামে বিদ্যুৎ নাই। ... গ্রামে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করিতে হইবে। ইহার ফলে গ্রাম বাংলার সর্বক্ষেত্রে উন্নতি হইবে। বন্যা নিয়ন্ত্রণ ও গ্রামে গ্রামে বিদ্যুৎ চালু করিতে পারিলে কয়েক বছরের মধ্যে আর বিদেশ হইতে খাদ্য আমদানি করিতে হইবে না (দৈনিক ইত্তেফাক, ১১/০৭/১৯৭৫)।” জাতির পিতার সুদূরপ্রসারী এ চিন্তা ভাবনার ধারাবাহিকতায় এই মহান নেতার আত্মার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি নিম্নবর্ণিত কার্যাদি ইতোমধ্যে সম্পন্ন করেছে।

দুর্যোগে আলোর গেরিলা : গ্রামের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং স্বল্প সময়ে বিদ্যুৎ বিভ্রাট নিরসনের লক্ষ্য নিয়ে অত্র পবিস কর্তৃক বিগত ০১ (এক) বৎসর যাবত ৪২ টি আলোর গেরিলা টীম গঠনের মাধ্যমে কাজ করে যাচ্ছে। যার কারণে স্বল্প সময়ে গ্রাহক প্রাপ্তে গিয়ে বিদ্যুৎ সংক্রান্ত যে কোন সমস্যা চিহ্নিত করে দ্রুত সমাধানের ব্যবস্থা করা হচ্ছে। দ্রুততম সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদানসহ জরুরী পরিস্থিতি মোকাবেলার জন্য প্রতিটি জোনাল অফিসসহ সকল অভিযোগ কেন্দ্রে প্রয়োজনীয় পরিমাণ ট্রান্সফরমার, মিটার, তার ইত্যাদি বৈদ্যুতিক সরঞ্জাম মজুদ রাখা হয়েছে। যে কোন এলাকায় বিদ্যুৎ বিভ্রাট হলে দ্রুততার সাথে সমাধান এবং গ্রাহক প্রাপ্তে প্রত্যাশিত সেবা নিশ্চিত ও নির্বিঘ্ন রাখার লক্ষ্য নিয়ে সকলকে সেবা প্রদানের উদ্দেশ্যে নিয়ে সমিতিতে ০৮ ঘন্টা ব্যাপী ০৩ শিফটে কাজ করার জন্য টীম গঠন করা হয়েছে এবং টীমগুলি দিবারাত্রি নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

আলোর ফেরিওয়াল : “মুজিব বর্ষ” উপলক্ষে দ্রুত, দুর্গীতিমুক্ত ও হয়রাণীবহীন সংযোগ প্রদান ও গ্রাহক সেবা প্রদানের উদ্দেশ্য নিয়ে অত্র পবিস কর্তৃক “আলোর ফেরিওয়াল” কর্মসূচী গ্রহণ করা হয়। এই কর্মসূচীকে আরো বেগবান করার লক্ষ্যে গ্রামের সাধারণ গ্রাহকদের দোরগোড়ায় গিয়ে সংযোগের আবেদন গ্রহণ, ওয়্যারিং সম্পন্নকরণ, সিডি গ্রহণ করে সংযোগ প্রদান করা হচ্ছে। স্বল্প সময়ে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করা হচ্ছে যা সর্বমহলে প্রশংসিত। যার কারণে গ্রাহক হয়রাণীসহ দালালদের দৌরাখ হ্রাস পেয়েছে।

শতভাগ বিদ্যুতায়ন : “শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ” এই প্রতিপাদ্যকে অনুসরণ করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) মহোদয়ের বলিষ্ঠ নেতৃত্বে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন ০৭ (সাত) টি উপজেলা ইতোমধ্যে শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন হয়েছে। বর্তমান সরকারের আমলে অত্র সমিতির আওতাধীন ০৭ টি উপজেলায় ৫,৭১০ কিঃমিঃ লাইন নির্মাণ করে ২,৬৫,৪৮৮ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে মৌলভীবাজার পবিসের মোট গ্রাহক সংখ্যা ৪,১০,৪৩৮ জন।

মুজিব শতবর্ষে গৃহহীনদের মধ্যে গৃহ বিতরণ ও বিদ্যুৎ সুবিধা প্রদান করা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে মুজিব শতবর্ষে “বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না” এ উপপাদ্যকে সামনে রেখে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তাদের ব্যক্তিগত অনুদানে একজন গৃহহীনকে গৃহ নির্মাণ করে উপহার প্রদান করা হয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ভূমিহীনদের মধ্যে গৃহ প্রদানের লক্ষ্যে সরকারী কর্মসূচীর অংশ হিসেবে মৌলভীবাজার জেলার সকল উপজেলায় ইতোমধ্যে যে সকল গৃহ নির্মিত হয়েছে সে সকল গৃহে অত্র পবিসের নিজস্ব অর্থায়নে বৈদ্যুতিক লাইন নির্মাণ, ট্রান্সফরমার উত্তোলন ও বৈদ্যুতিক ওয়্যারিং কাজ সম্পন্ন করে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। এছাড়াও উক্ত কর্মসূচীর আওতায় যে সকল গৃহ নির্মাণাধীন অবস্থায় আছে সে সকল গৃহেও নির্মাণ কাজ সম্পন্নের সাথে সাথে অত্র পবিসের নিজস্ব অর্থায়নে ওয়্যারিং কাজ সম্পন্ন করে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে।

বঙ্গবন্ধুর ৪৬ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে খাদ্য বিতরণ কর্মসূচী : হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক সারাদেশে এক লক্ষ গরীব, দুঃস্থ ও হতদরিদ্র মানুষকে খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে। তারই ধারাবাহিকতায় মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক অত্র জেলার ১২৫০ জন গরীব, দুঃস্থ ও হতদরিদ্র মানুষকে উপহার হিসেবে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে।

আগস্ট ‘২০২১ এর মধ্যে সকলের ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান : অত্র পবিস-এর আওতাধীন কিছু কিছু এলাকায় নতুন বাড়িঘর তৈরী হওয়ায় সে সকল এলাকায় ০১/০২ পোল স্থাপন পূর্বক আগামী ৩১ আগস্টের মধ্যে ঘরে ঘরে বিদ্যুৎ নিশ্চিতকরণের লক্ষ্যে মাইকিং, লিফলেট বিতরণ, ব্যানার স্থাপন, স্কলবারে এবং ফেইস বুকে বিজ্ঞাপনের মাধ্যমে যারা এখনও আবেদন করেননি তাদের আবেদন গ্রহণ করে সংযোগ প্রদান কার্যক্রম অব্যাহত আছে।

আগস্ট মাসে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকীতে আগস্ট মাসকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সকল শ্রেণীর গ্রাহকগণকে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে রাইট অব ওয়ে, কাজের স্বার্থে শাটডাউন প্রদান সহ সকল প্রকার লাইন রক্ষনাবেক্ষণ কাজ বন্ধ রাখা হয়েছে। এছাড়া যে কোন জরুরী পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে প্রতিটি জোনাল অফিসসহ সকল অভিযোগ কেন্দ্রে প্রয়োজনীয় পরিমাণ ট্রান্সফরমার, মিটার, তার ইত্যাদি বৈদ্যুতিক সরঞ্জাম মজুদ রাখা হয়েছে যাতে কোন ধরনের বিদ্যুৎ বিভ্রাট দেখা দিলে তা দ্রুততার সাথে ত্রুটি নিরসন করে স্বল্প সময়ে বিদ্যুৎ সরবরাহ চালু করা যায়।

নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করে সমিতির কাজে সহযোগিতা করুন